

## তিন বছর

তিন বছর ... সময় গুণে যদি পারি তবে একটা রূপকথা লিখে দিতে পারি  
তুমি এসে দেখে যেও।  
কেউ যেন ঘুমিয়ে ছিল আমার পাশে, তার চিকন চিবুক ছুঁয়ে  
উষ্ণ নিঃশ্বাস এসে পড়েছিল আমার শরীরে  
আমার মাঝে তখন সাত সাগরের ঘুম  
শুধু মাঝরাতে হাত বাড়িয়ে টেনে নিয়েছিলাম শীতের চাদরখানি  
সারারাত কুয়াশা বরলো নিঃশব্দে  
রূপকথার মত একটা অবুঝ রাতজাগা পাখি এসে  
হয়তো ভাপিয়ে দিয়েছিল তার ঘুম।  
রাতের পোশাক ধুয়ে ধুয়ে নিঃশব্দে ভোর হলো  
আমার পাশে সারারাত কেউ যেন শুয়ে ছিল

তিন বছর... একটা রাত জেগে আমি রূপকথা লিখে দিতে পারি  
তুমি দেখে যেও... নিশিথিনি আমার কাব্যের ছোঁয়ায় অধরা এক রূপকথা  
এর বেশী কি করে ছোঁয়া যায়...  
এক রাত্রি এলোমেলো ঘুমের মাঝে?

~~~~নীল~~~~

২১।০১।০৭

চট্টগ্রাম